3385 M — R.S. 219 / L.R. 237 | 3308 (3D)

75Rs.






M – R.S. 219 / L.R. 237.

...duly stamped under ... Indian Stamp (W.B. Amendment) Act, 1952
23

P. fee 1.50 ...

A 13.50
1.00
14.50

SUB REGISTRAR, SONARPUR
24-PARGANAS
31.8.74

২০০০্ টাকা পনের কোবালা

**কোবালা গ্রহীতাঃ –**

শ্রী দেওয়ান সিং চৌধুরী
পিতা ঁপ্রেম সুখ চৌধুরী
জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং
৮৮।এসা এ[illegible], ব্লক ই, নিউ
আলিপুর, কলিকাতা –৫৩ ।

**কোবালা দাতাঃ –**

শ্রী নকুলেশ্বর চক্রবর্ত্তী –
পিতা ঁহরিদাস চক্রবর্ত্তী –
জাতি হিন্দু, পেশা ব্যবসা,
সাং রাজপুর, থানা সোনারপুর
জেলা ২৪ পরগনা ।

কস্য রায়ত দখলী সুত্ববিশিষ্ট জমি জমা মায় যাবতীয় ইজমেন্ট সুত্ব সহ – নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে – জেলা ২৪ পরগনা সাবরেজেষ্ট্রি ও থানা সোনারপুর পরগনা মাগুরা ১১৯নং তৌজী ভুক্ত মৌজা – রাঘবপুর গ্রামে ১৫নং খতিয়ান ভুক্ত বার্ষিক ১–৩৭ পয়সা খাজানার জমা ভুক্ত ৪০ শতক রায়ত দখলী সুত্ব বিশিষ্ট জমি জমা মধ্যে –২৭ শতক জমি জনৈক ময়েজুদ্দিন খন্দকর ওরফে –

122 2/8/78 ...
S. H. ...

SEAL OF THE SUB REGISTRAR OF SONARPUR 24 PARGANAS

Presented for Registration at 12 noon
on the 3rd day of Aug. 1974
at the Sub Registrar's Office, Sonarpur
By Nakuleswar Chakraborty
Executant, Claimant

Nakuleswar Chakraborty
Son of Lt. Haridas Chakraborty
of Rajpur
Thana.... Sonarpore
District 24-Parganas.
By caste Hindu
by Profession Business

SUB REGISTRAR SONARPUR
24 PARGANAS
3/8/74

Radharani Ghose
wife widow of Lt. Haridas Ghose
of Kodalia
Thana.... Sonarpore
District 24-Parganas
by caste Hindu
by Profession Household

Radharani Ghose

SUB REGISTRAR, SONARPUR
24 PARGANAS
3/8/74

5 RS

INDIA

पाँच रुपया　पाँच रुपया

FIVE RUPEES भारत FIVE RUPEES



ওরফে ময়জদ্দিন সর্দারের সৃত্ব দখলীয় সম্পত্তি থাকে। উক্ত ময়জদ্দিন খন্দকর মৃত হইলে তাহার পুত্র আবদুল হান্নান খন্দকার ও তাহার অপরাপর শরিকগন বিগত ইং ১৫।৬।৭২ তারিখে এক কেতা রেজেস্ট্রি কৃত বনটননামা দলিল মূলে উক্ত ২৭ শতক সম্পত্তি অন্যান্য সম্পত্তি সহ আপোষে চিহ্নিত মতে নিজনিজ অংশ মোতাবেক বিভাগ বনটন করিয়া লন। উক্ত বনটননামা দলিল সোনারপুরসাবরেজেস্ট্রিঅফিসের বুকনং ১, ভলম নং ২৮, পৃষ্ঠা ১৯৯ হইতে ২০৪ পৃষ্ঠায় ইং ১৯৭২ সালের ২০৫৯ নং দলিল হইতেছে। উক্ত বনটননামা দলিল মূলে উক্ত ১৫নং খতিয়ান ভুক্ত ২১৯নং দাগ ভুক্ত ২৭ শতক জমি ষোল আনা রকমে উক্ত আবদুল হান্নান খন্দকারের অনুকূলে অন্যের নিরাংশে পৃথক রূপে প্রদত্ত হয়। উক্ত আবদুল হান্নান খন্দকার জমিদার সরকারে নিজ নাম পত্তনে খাজনাদি আদায় দিয়া ভোগদখল করিতে থাকা কালে বিগত ইং ১৯৭৩ সালের ২৩ শে মার্চ তারিখে সম্পাদিত ও সোনারপুর সাবরেজেস্ট্রি অফিসে -

THE SEAL OF THE SUB REGISTRAR OF SONARPUR

... TRAR, SONARPUR
... PARGANAS

30/8/74

... REGISTRAR, SONARPUR






বুকনং ১, ভলিউমনং ১৭, পৃষ্ঠা ২১৫ হইতে ২১৭ পৃষ্ঠায় ইং ১৯৭৩ সালের – ১০৩৮নং কোবালা দলিল মুলে উপযুক্ত পন গ্রহনে আমাকে বিক্রয় করতঃ নিঃস্বত্ব ও দখলচ্যুত হন । উক্ত সম্পত্তি খরিদাদির পর দখল গ্রহনে খাসে রাখিয়া জমিদার সরকারে খাজনাদি আদায়দিয়া ভোগ দখল করিতেছি । এক্ষনে আমার নগদ অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় উক্ত ২১৯নং দাগের –২৭ শতক সম্পত্তি বিক্রয়ের ঘোষনা করিলে আপনি বেলমোক্তা ২০০০্ দুই হাজার টাকা পনে খরিদ করিবার প্রস্তাব করিলে আমি আপনার প্রস্তাবে সম্মত হইয়া পন বাবদ নিম্ন জায় মত নগদ ২০০০্ দুই হাজার টাকা প্রাপ্তি স্বীকারে এই নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা আপনার– বরাবর সম্পাদন ওরেজেষ্ট্রি করিয়া দিয়া উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনাকে বিক্রয় করতঃ এতদ্বারা স্বীকার ওঅঙ্গীকার করিতেছি যে –বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত মৌজা রাঘবপুর স্থিত ১৫নং খতিয়ান ভুক্ত ২১৯ দাগের –২৭ শতক সম্পত্তিতে আমার

THE SEAL OF THE SUB REGISTRAR OF SONARPUR

SUB REGISTRAR, SONARPUR
24-PARGANAS
3/8/74

SUB REGISTRAR, SONARPUR
26/7/74

আমার যাহাকিছু সৃত্ব সৃামীত্ত্ব সভ্য হক হকিয়ত ছিল বা আছে তাহা অদ্য হইতে - সম্পূর্ন রূপে লোপ ও রহিত হইয়া সম্পূর্ণ নির্দ্দায় ওনির্দ্দোষ অবস্হায় আপনার অনুকূলে নির্ব্যূঢ় সৃত্বে বর্তাইল। আপনি দান বিক্রয় বন্ধকাদি মায় যাবতীয় - হস্তান্তরাদির মালিক দখলকার হইয়া যদৃচ্ছা পরম সুখে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্হলাভিষিক্তগণ ক্রমে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমার ওয়ারিশান ও স্হলাভিষিক্তগন ক্রমে কোন প্রকার ওজর আপত্তি চলিবে না, করিলেও - তাহা সর্ব্বত্র ও সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর গন্য হইবে।

প্রকাশ থাকে যেবিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে দান বিক্রয় বন্ধকাদি বা অপর কোন প্রকার হস্তান্তরাদির দ্বারা কোন প্রকারদায় সংযোগ করিনাই। কোন প্রকার চার্জ্জ লিয়েন এ্যালায়েনমেনট, রিকুইজিসন বা একুইজিসন ভুক্ত সম্পত্তি - নহে বা ট্রাস্ট ভুক্ত বা দেবোত্তর সম্পত্তি নহে। উক্ত সম্পত্তি কাহারও খোর পোষের দায়ে জড়িত নাই। কোন প্রকার ক্রোকাবদ্ধ সম্পত্তি নহে। অপর - কাহাকেও উক্ত সম্পত্তি বিক্রয়ের জন্য চুক্তি বদ্ধ হই নাই। উক্ত সম্পত্তি সম্পর্কে আমি কাহারও বেনামদার নহি। উক্তসম্পত্তি বকেয়া ট্যাকসাদি বাবদ বা অন্য কোন কারনে কোন মোকদ্দমার বিষয়ীভুক্ত সম্পত্তি নহে। উক্ত সম্পত্তি বিক্রয়ের বিরুদ্ধে কোন নিষেধাজ্ঞা নাই এবংউক্তসম্পত্তি বিক্রয়ে আমার সম্পূর্ন অধিকার আছে। উক্ত সম্পত্তিতে কোন প্রজা বিলি নাই বা শরিকনাই। আরও প্রকাশ থাকে যে উক্তসম্পত্তি সম্পূর্ন নির্দায় ওনির্দোষ অবস্হায় আমার খাস দখলে ছিল ও তদবস্হায় উহার খাস দখল আপনাকে প্রদান করিলাম।

আরও প্রকাশ থাকে যে উপরোক্ত উক্তি সকল সম্পর্কে ভবিষ্যতে যদি কিছু

THE SEAL OF THE SUB REGISTRAR OF SONARPUR ★ 24 PARGANAS ★

SUB REGISTRAR, SONARPUR
24-PARGANAS.

3/8/74

তঞ্চকতা বা মিথ্যা প্রকাশ পায় তাহা হইলেমাফিক আইন আমলে আসিব ও — খেসারতাদি দিতে বাধ্য থাকিব ও প্রয়োজনে আপনার খরচায় সংশোধক ও — পরিপুরক দলিলাদি সম্পাদন ও রেজেস্ট্রি করিয়াদিতে বাধ্য থাকিব।

এতদর্থে সুস্থ শরীরে সরলঅন্তঃকরনে স্বেচ্ছায় নিম্ন জায় মত পনের সমুদয় টাকা প্রাপ্তি স্বীকারে ও এই নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালার মর্ম সম্যক অবগত হইয়া ও বুঝিয়া অত্র কোবালা আপনার অনুকুলে সম্পাদন ওরেজেস্ট্রি করিয়াদিলাম। ইতি তাং ইং ১৯৭৪ সালের ৩রা আগস্ট। বাংলা ১৩৮১ সালের ১৭ই শ্রাবণ।

তপশীল সম্পত্তির পরিচয় —

জেলা ২৪ পরগনা সাবরেজেস্ট্রি ও থানা সোনারপুর পরগনামাগুরা জে, এল,নং ৭ রেঃসাঃনং ২৩৫, মৌজা রায়বপুর গ্রামে বার্ষিক ১ —৩৭ পয়সা খাজনা জমা ভুক্ত — খতিয়ান নং ১৫ পনের এর অধীন —৪০ শতক রায়ত দখলী সত্ত্ববিশিষ্ট জমি জমা মধ্যে ২১৯ দুই শত উনিশ নং দাগে —২৭ সাতাশ শতক জমি বিক্রিতসম্পত্তি হইতেছে। ইহার বাবদ পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগনার জেলার কালেকটার বাহাদুরকে —৯২ পয়সা হারাহারি খাজনা আদায়দিতে হয়। ইহার কোন শরিক নাই।

তপশীল টাকার জায় —

অদ্য রোজনগদ প্রদত্ত — — — — ২০০০, দুই হাজার টাকা মাত্র।

শ্রী বিভু লিশ্বর চক্রবর্তী

ইসাদী —

E.J [signature]
Radhakanta [signature]
Kodalia
Malay Kum[...] Bose.
45/2. R. K. Ghosal Road.
Calcutta — 42.

টাইপ কারক
শ্রী [signature]
আলিপুর জজ কোর্ট

Book No. I
Volume No. 44
Pages 287 to 2883
Being No. 3308
for the year 1974

0578
9.9.74.

THE SEAL OF THE SUB REGISTRAR OF SONARPUR ★ 24 PARGANAS ★
সোনারপুর সবর নিবন্ধকের মোহর ★ ২৪ পরগণা ★

REGISTRAR, SONARPUR
24 PARGANAS

THE SEAL OF THE SUB REGISTRAR OF SONARPUR ★ 24 PARGANAS ★
সোনারপুর সবর নিবন্ধকের মোহর ★ ২৪ পরগণা ★

REGISTRAR, SONARPUR
24-PARGANAS